

QuranerAlo.com Website

প্রতিবেশীর অধিকার ও তাদের সাথে সম্যবহার করার গুরুত্ব

2015-01-08 10:01:44 QuranerAlo Editor

প্রবন্ধটি পড়া হলে, শেয়ার করতে ভুলবেন না

রহমান রহীম আল্লাহ্ তায়ালার নামে-



আমরা আজ যে সমাজ ব্যবস্থায় অভ্যন্তর তাতে আমদের অনুভূতিগুলোও দিন দিন যান্ত্রিক হয়ে যাচ্ছে। মানুষকে অবিশ্বাস আর সন্দেহের দৃষ্টিতে দেখাই যেন আজকালকার যুগের সবার চিত্তাধারার একটি অংশ হয়ে দাঁড়িয়েছে। ইট পাথরের দালানে থাকা আমরাও যেন অনুভূতিহীন কলের পুতুল। পাশের দরজার প্রতিবেশীর বিপদে আপদে, তাদের সুখ দুঃখের সঙ্গী হওয়া তো আজকাল দুরের কথা, কেউ কাউকে চিনিই না অনেক সময়। এরপরও কি আমরা দাবী করতে পারি আমরা সত্যিকাবের মুসলমান? আসুন দেখি প্রতিবেশীদের অধিকার সম্পর্কে আল্লাহ তা'য়ালা ও তাঁর রাসূল আমদেরকে কি বলেছেন।

আল্লাহ তাআলা বলেন,

وَاعْبُدُوا اللَّهَ وَلَا تُشْرِكُوا بِهِ شَيْئًا □ وَبِالْوَالِدِينِ إِحْسَانًا وَبِذِي الْقُرْبَى وَالْمَسَاكِينِ وَالْجَارِ ذِي الْقُرْبَى وَالْجَارِ الْجُنُبُ وَالصَّاحِبُ بِالْجَنْبِ وَإِنَّ السَّبِيلَ وَمَا مَلَكَ أَيْمَانُكُمْ □ إِنَّ اللَّهَ لَا يُحِبُّ مَنْ كَانَ مُخْتَالًا فَخُورًا

অর্থাৎ, তোমরা আল্লাহর উপাসনা কর ও কোন কিছুকে তাঁর অংশী করো না, এবং পিতামাতা, আম্মীয়-স্বজন, পিতৃহীন, অডাবগন্ত, আম্মীয় ও অনাম্মীয় প্রতিবেশী, সঙ্গী-সাথী, পথচারী এবং তোমাদের অধিকারভুক্ত দাস-দাসীদের প্রতি সম্মত কর। (সূরা নিসা: ৩৬)

এই সম্পর্কিত হাদিস সমূহ-

- ১) ইবনে উমার ও আয়েশা (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, “জিব্রাইল আমাকে সব সময় প্রতিবেশী সম্পর্কে অসিয়ত করে থাকেন। এমনকি আমার মনে হল যে, তিনি প্রতিবেশীকে ওয়ারেস বানিয়ে দেবেন।” (সহীল বুখারী ৬০১৪ ও মুসলিম ২৬২৪)
- ২) আবু যাব (রাঃ) বলেন, একদা রাসূলুল্লাহ (সাঃ) বললেন, “হে আবু যাব! যখন তুমি ঘোল (ওয়ালা তরকারি) রান্না করবে, তখন তাতে পানির পরিমাণ বেশী কর। অতঃপর তোমার প্রতিবেশীর বাড়িতে যীতিমত পৌছে দাও। (মুসলিম ২৬২৫)
- ৩) আবু হুরাইবাহ (রাঃ) বলেন, নবী (সাঃ) বলেছেন, “আল্লাহর কসম! সে ব্যক্তি মু'মিন নয়। আল্লাহর কসম! সে ব্যক্তি মু'মিন নয়। আল্লাহর কসম! সে ব্যক্তি মু'মিন নয়।” জিজ্ঞেস করা হল, ‘কোন ব্যক্তি? হে আল্লাহর রসূল! তিনি বললেন, “যে লোকের প্রতিবেশী তার অনিষ্ট থেকে নিয়াপদ থাকে না।” (সহীল বুখারী ৬০১৬)
- ৪) মুসলিমের এক বর্ণনায় আছে, এই ব্যক্তি জাগাতে প্রবেশ করবে না, যার অনিষ্ট থেকে তার প্রতিবেশী নিয়াপদে থাকে না। উক্ত সাহাবী (রাঃ) থেকেই বর্ণিত, রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, হে মুসলিম মহিলাগণ! কোন প্রতিবেশিনী যেন তার অপর প্রতিবেশিনীর উপটোকনকে তুচ্ছ মনে না করে; যদিও তা ছাগলের পায়ের ক্ষুর হক না কেন। (সহীল বুখারী ২৫৬৬ ও মুসলিম ১০৩০)
- ৫) উক্ত সাহাবী (রাঃ) থেকেই বর্ণিত, রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, কোন প্রতিবেশী যেন তার প্রতিবেশীকে তার দেওয়ালে কাঠ (বঁশ ইত্যাদি) গাড়তে নিষেধ না করে। অতঃপর আবু হুরাইবাহ (রাঃ) বললেন, কী ব্যাপার আমি তোমাদেরকে রসূল (সাঃ)-এর সুন্নাহ থেকে মুখ ফিরাতে দেখছি! আল্লাহর কসম! নিশ্চয় আমি এ (সুন্নাহ)কে তোমাদের ঘাড়ে নিক্ষেপ করব (অর্থাৎ এ কথা বলতে থাকব)। (সহীল বুখারী ২৪৬৩, ৫৬২৭ ও মুসলিম ১৬০৯)
- ৬) উক্ত রাবী (রাঃ) থেকেই বর্ণিত, রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, “যে ব্যক্তি আল্লাহ ও শেষ দিনের প্রতি বিশ্বাস রাখে, সে যেন তার মেহেমানের খাতির করে। এবং যে ব্যক্তি আল্লাহ ও পরকালের প্রতি বিশ্বাস রাখে, সে যেন ভাল কথা বলে, নচে চুপ থাকে।” (সহীল বুখারী ৬০১৮, ৩৩৩১, মুসলিম ৪৭, ১৪৬৮)
- ৭) আবু শুবায়হ খুব্যায়ী (রাঃ) কর্তৃক বর্ণিত, রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, “যে ব্যক্তি আল্লাহ ও শেষ দিনের প্রতি বিশ্বাস রাখে, সে যেন প্রতিবেশীর সাথে সম্মত কর। যে ব্যক্তি আল্লাহ ও শেষ দিনের প্রতি বিশ্বাস রাখে, সে যেন তার মেহেমানের খাতির করে। এবং যে ব্যক্তি আল্লাহ ও পরকালের প্রতি বিশ্বাস রাখে, সে যেন ভাল কথা বলে, অথবা নীরব থাকে।” (সহীল বুখারী ৬০১৯, ৬১৩৫, মুসলিম ৪৮)
- ৮) আয়েশা (রাঃ) কর্তৃক বর্ণিত, তিনি বলেন, আমি বললাম, “হে আল্লাহর রসূল! আমার দু'জন প্রতিবেশী আছে। (যদি দু'জনকেই দেওয়া সন্তুষ্ট না হয় তাহলে) আমি তাঁদের মধ্যে কাব নিকট হাদিয়া (উপটোকন) পাঠাব?” তিনি বললেন, “যার দরজা তোমার বেশী নিকটবর্তী, তার কাছে (পাঠাও)।” (সহীল বুখারী ৬০২০, ২২৫৯, আবু দাউদ ৫১৫৫)
- ৯) আব্দুল্লাহ ইবনে উমার(রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, “আল্লাহর নিকট সর্ব উত্তম সঙ্গী সে, যে তার সঙ্গীর কাছে উত্তম। আল্লাহর নিকট সেই প্রতিবেশী সর্ব উত্তম, যে তার প্রতিবেশীর দৃষ্টিতে সর্বাধিক

উওম।" (তিরমিয়ী ১৯৪৪, আহমাদ ৬৫৩০, দারেমী ২৪৩৭)

এখনো কি আমরা আমাদের প্রতিবেশীর ভালমন্দের খবর নেব না?

'আপনিও হোন ইসলামের প্রচারক'

প্রবন্ধের লেখা অপরিবর্তন রেখে এবং উৎস উল্লেখ করে আপনি Facebook, Twitter, ব্লগ, আপনার বন্ধুদের Email Address সহ অন্য Social Networking ওয়েবসাইটে শেয়ার করতে পারেন, মানবতার মুক্তির লক্ষ্য ইসলামের আলো ছড়িয়ে দিন। "কেউ হেদায়েতের দিকে আহবান করলে যতজন তার অনুসরণ করবে প্রত্যেকের সমান সওয়াবের অধিকারী সে হবে, তবে যারা অনুসরণ করছে তাদের সওয়াবে কোন কমতি হবেনা" [সহীহ মুসলিম: ২৬৭৪]